**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

**গভর্নর কুওমো ব্রুকলিনে 20 মিলিয়ন ডলারের শার্লি চিজম স্টেট পার্ক (SHIRLEY CHISHOLM STATE PARK) উদ্বোধন ঘোষণা করেন**

***জ্যামাইকা উপ-সাগরের তীরে অবস্থিত 407-একরের এই পার্ক নিউইয়র্কের বৃহত্তম স্টেট পার্ক, যেখানে রয়েছে হাইকিং, সাইকেল চালনা, মাছ ধরা এবং পিকনিক করার সুযোগ***

***এই পার্ক প্রথম আফ্রিকান আমেরিকান নারী কংগ্রেস সদস্য এবং প্রথম আফ্রিকান আমেরিকান নারী প্রেসিডেন্ট পদপ্রার্থী শার্লি চিজমের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে***

***নতুন পার্ক ব্রুকলিনে গুরুত্বপূর্ণ উদ্যোগের (Vital Brooklyn Initiative)স্বাক্ষর বহনকারী এক প্রকল্প***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউইয়র্ক সিটিতে অঙ্গরাজ্যের নতুন ও বৃহত্তম পার্ক হিসাবে জ্যামাইকা উপ-সাগরের তীরে 407-একরের শার্লি চিজম স্টেট পার্কের উদ্বোধন ঘোষণা করেন। নতুন এই পার্ক শিক্ষাবিদ, নিউইয়র্কের 12 নং কংগ্রেসনাল ডিসট্রিক্টের সাত বারের সাবেক প্রতিনিধি এবং প্রথম আফ্রিকান আমেরিকান নারী প্রেসিডেন্ট পদপ্রার্থী শার্লি চিজমের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে। এই পার্ক ব্রুকলিনে গভর্নর কুওমোর গুরুত্বপূর্ণ উদ্যোগের স্বাক্ষর বহনকারী এক প্রকল্প, যার আওতায় ব্রুকলিনের কেন্দ্রের প্রত্যেক বাসিন্দার দশ মিনিটের হাঁটার পথের মধ্যে 34 টি নতুন বা উন্নত পকেট পার্ক, কমিউনিটি বাগান, খেলার মাঠ এবং বিনোদন কেন্দ্র থাকবে।

"এক সময়কার দক্ষিণ ব্রুকলিন কমিউনিটির কলঙ্ককে চমৎকার উন্মুক্ত স্থানে রুপান্তরিত করে আজ আমরা অঙ্গরাজ্যের পার্কের সম্পদ-ভাণ্ডারে আরেকটি রত্ন যুক্ত করেছি", **গভর্নর কুওমো বলেন।** "শার্লি চিজম বঞ্চিত পড়া কমিউনিটির স্বাস্থ্য ও কল্যাণের অবস্থা উন্নয়নের জন্য লড়াই করেছেন, যে উত্তরাধিকার আমরা গুরুত্বপূর্ণ ব্রুকলিন উদ্যোগের মধ্য দিয়ে ধারণ করছি, তাই আমরা এই পার্কটিকে তার নেতৃত্ব ও অর্জনের স্মৃতিতে উৎসর্গ করে গর্বিত।"

"জনসেবায় আমার কর্মজীবনে আমি শার্লি চিজমকে একজন অনুপ্রেরণা, অগ্রনায়ক এবং নিজ কমিউনিটির জন্য সংগ্রামী শক্তিশালী ব্যক্তিত্ব হিসেবে দেখেছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের অঙ্গরাজ্যের ইতিহাসে সর্বশ্রেষ্ঠ নারীদের একজনের প্রতি সম্মানের নিদর্শন হিসাবে নিউইয়র্ক সিটির বৃহত্তম স্টেট পার্ক উদ্বোধনের মাধ্যমে আমাদের ব্রুকলিনকে পুনরুজ্জীবিত করার কাজটি আজ বড় এক ধাপ এগিয়ে গেল। কমিউনিটির স্বাস্থ্য ও কল্যাণের অবস্থা উন্নয়নে এবং চমৎকার বিনোদনের সুযোগ করে দিতে শার্লি চিজম স্টেট পার্ক আমাদের গুরুত্বপূর্ণ ব্রুকলিন উদ্যোগের একটি অপরিহার্য অংশ।"

প্রারম্ভিক 20 মিলিয়ন ডলারের কাজের এই পর্যায়ে পার্কে হাইকিং ও সাইকেল চালানোর জন্য দশ মাইল চিহ্নিত ট্রেইল; পার্কের পেনসিলভানিয়া এভিনিউ এর দিক বরাবর পিকনিক ও মাছ ধরার জন্য উপ-সাগরে একটি জেটি; এবং পানিতে অ্যাক্সেস সুবিধা থাকবে। পরিবেশ বিষয়ক শিক্ষাবিদরা পার্কে আগত শিশুদের জন্য অনুষ্ঠানের ব্যবস্থা করবেন, যেখানে অডুবন নিউইয়র্ক (Audubon New York) এর মত পরিবেশ সংশ্লিষ্ট গোষ্ঠীর সাথে অংশীদারিত্বের পরিকল্পনা করা হয়েছে। এর পাশাপাশি বাইক নিউইয়র্ক (Bike New York) এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে শার্লি চিজম স্টেট পার্ক বাইক লাইব্রেরি সৃষ্টি করা হবে, যেখান থেকে বিনামূল্যে সব আকারের সাইকেল ধার করে পার্কের পাথরচূর্ণ বিশিষ্ট ট্রেইলে চালানো যাবে।

পার্কে চিজমের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে ব্রুকলিনের ম্যুরালিস্ট ড্যানিয়েল মাস্ট্রিয়নের তৈরি একটি রঙিন ম্যুরালও স্থাপন করা হবে। ব্রুকলিনের অধিবাসী চিজম ছিলেন 1968 সালে কংগ্রেসে নির্বাচিত প্রথম আফ্রিকান আমেরিকান নারী। 1972 সালে তিনি প্রথম আফ্রিকান আমেরিকান নারী হিসাবে দেশের সর্বোচ্চ দপ্তরের দায়িত্ব গ্রহণের জন্য ডেমোক্রেটিক প্রাইমারি থেকে প্রেসিডেন্ট নির্বাচনে অংশ নেন। মৃত্যুর এক দশক পর তিনি 2005 সালে প্রেসিডেন্ট বারাক ওবামা কর্তৃক মরণোত্তর প্রেসিডেনশিয়াল মেডাল অব ফ্রিডম (Presidential Medal of Freedom) অর্জন করেন।

বর্তমান 20 মিলিয়ন ডলারের দ্বিতীয় পর্যায়ের কাজের আওতায় পার্কটিতে যুক্ত হবে ফাউন্টেইন এভিনিউতে (Fountain Avenue) বিশাল প্রবেশপথ; উন্মুক্ত প্রাঙ্গন (lawn patio) - একটি কমিউনিটির সমাবেশ ও অনুষ্ঠান আয়োজনের জন্য যথেষ্ট বড়; হেন্ডরিক্স ক্রিক (Hendrix Creek) দেখা যাবে এমন এক প্রাঙ্গন; এবং পার্কের ফাউন্টেইন ও পেনসিলভানিয়া এভিনিউ উভয় সেকশনে পপ-আপ পরিবেশগত শিক্ষা কেন্দ্র। 2021 সালে এ কাজ সমাপ্ত হবে।

পার্কটি পূর্বে দূষিত সম্পত্তির হিতকর পুনঃব্যবহারের চমৎকার এক উদাহরণ। স্টেট পার্কস (State Parks), পরিবেশগত সুরক্ষা বিষয়ক নিউইয়র্ক অঙ্গরাজ্যের বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর সাথে জনস্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষামূলক পুনর্ব্যবহারযোগ্য পরিকল্পনা প্রণয়নের জন্য ঘনিষ্ঠভাবে কাজ করেছে। DEC, স্টেট পার্কস এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যাহত রাখবে।

**নিউইয়র্ক স্টেট পার্কস এর ভারপ্রাপ্ত কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "গভর্নর কুওমোর নেতৃত্বে অঙ্গরাজ্য জনসাধারণকে তারা যেখানেই বসবাস করুক না কেন বাইরে বেরিয়ে প্রকৃতির সঙ্গে পুনরায় সংযোগ স্থাপনের আরও সুযোগ প্রদান করে চলেছে। ব্রুকলিন এবং এর বাইরে বসবাসকারীরা আগামী বছরগুলোতে শার্লি চিজম স্টেট পার্ক উপভোগ করতে পারবেন।"

**ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার, বেসিল সেগোস বলেন,** "নিউইয়র্কের পরিচ্ছন্নতা অভিযান কিভাবে সাবেক শিল্প স্থানগুলোর আশেপাশের কমিউনিটিগুলোকে লাভবান করছে এই স্থানের শার্লি চিজম স্টেট পার্কে রূপান্তর সেটার এক প্রকৃষ্ট উদাহরণ। এই নতুন পার্ক স্থানীয় অধিবাসীদের বাইরে বেরিয়ে প্রকৃতি উপভোগ করার সুযোগ করে দেবে, যা আশেপাশের কমিউনিটি এবং ব্রুকলিনের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে সহায়তা করবে।"

**কংগ্রেস সদস্য জেরল্ড ন্যাডলার বলেন,** "অত্যন্ত দীর্ঘ সময় ধরে আমরা আমাদের শহর, অঙ্গরাজ্য ও দেশের নারীদের উল্লেখযোগ্য অবদানের প্রতি সম্মান প্রদর্শনের জন্য যথেষ্ট কাজ করিনি। নিউইয়র্কের নতুন পার্ক, শার্লি চিজম স্টেট পার্কের আজকের উদ্বোধন, এই ভুল সংশোধন করার লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এখানে ব্রুকলিনে নির্বাচিত শার্লি ছিলেন কংগ্রেসের প্রথম কৃষ্ণাঙ্গ নারী এবং এটাই সঙ্গত যে এমন এক নারীর নামে নিউইয়র্ক সিটির বৃহত্তম পার্কটির নামকরণ করা হবে যিনি ছিলেন সত্যিকারের পথ প্রদর্শক।"

**কংগ্রেসের নারী সদস্য ইয়েভেটি ডি. ক্লার্ক বলেন,** "কংগ্রেসে আমার সহকর্মী কৃষ্ণাঙ্গ নারী সদস্যরা এবং আমি কংগ্রেসের মহিয়সী নারী সদস্য শার্লি চিজমের অনুসারী। শার্লি চিজম স্টেট পার্কের উদ্বোধন ব্রুকলিন কমিউনিটির জন্য ঐতিহাসিক বিজয় যা ভবিষ্যত প্রজন্মকে তার উত্তরাধিকার সম্পর্কে শিক্ষিত করতে সহায়তা করবে এবং কৃষ্ণাঙ্গ নারী ও বালিকাদেরকেও মাথা উঁচু করে দাঁড়াতে (unbought and unbossed) সক্ষম করবে।"

**কংগ্রেস সদস্য হাকিম জেফরিস বলেন,** "শার্লি চিজমের বিখ্যাত উক্তি ছিল যে, তুমি একটি ভাঁজ করা চেয়ার নিয়ে আসো যদি তারা তোমাকে তাদের টেবিলে বসতে না দেয় এবং তিনি সারাজীবন এমনটিই করতেন। যদিও 1968 সালে কংগ্রেসে তার অবিস্মরণীয় ভূমিকা বা প্রেসিডেন্ট নির্বাচনে তার ঐতিহাসিক প্রতিদ্বন্দ্বীতা ছিল, তথাপি তিনি সবার কথা শুনতে পারার জন্য তার কর্মপ্রচেষ্টা কখনোই থামাননি। শার্লি চিজমের অবদানকে সম্মান প্রদর্শনে এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টার জন্য গভর্নর কুওমোর প্রশংসা করা উচিত।"

**সিনেটর রোক্সান পারসোড বলেছেন,** "আজ আমরা শার্লি চিজম স্টেট পার্কের প্রথম পর্যায় চালুর মাধ্যমে ব্রুকলিনে আরেকটি উত্তেজনাপূর্ণ দিন শুরু করছি। সিনেট ডিসট্রিক্ট 19 এর অধিবাসীরা তাদের বাড়ির কাছেই পানির খেলাধুলা, হাইকিং, পিকনিক এবং অন্যান্য বিস্ময়কর ও স্বাস্থ্য সহায়ক ক্রিয়াকলাপ উপভোগ করতে পারেন। পানির কর্মকাণ্ড উপভোগ করার জন্য আর কয়েক মাইল দূরে যেতে হবে না; এখন আমাদের পিছনের উঠনেই সর্বাধুনিক পার্ক রয়েছে। এই পার্ককে গুরুত্বপূর্ণ ব্রুকলিন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করায় আমি গভর্নর কুওমোর প্রশংসা করি এবং 2021 সালে কাজ সমাপ্তির অপেক্ষা করছি।"

**সিনেটর কেভিন পার্কার বলেন,** "এখানে ব্রুকলিনে শার্লি চিজম একজন মহান ব্যক্তিত্ব এবং আমাদের ইতিহাসের এক প্রধান অংশ। শার্লি চিজম স্টেট পার্ক উদ্বোধনের ক্ষেত্রে গভর্নর কুওমো এবং আমার সহকর্মীদের সাথে সরকারে যোগ দিয়ে আমি গর্বিত। এটা বিশাল সম্মানের বিষয় এবং আগামী প্রজন্ম এই পার্ক উপভোগ করার সুযোগ পাবে এবং আগামী বছরগুলোতে শার্লি চিজমের উত্তরাধিকার উদযাপন করবে।"

**সংসদ সদস্য রডনিস বিশট বলেন,** "নিউইয়র্কের, বিশেষ করে ব্রুকলিনের জনসাধারণের জন্য অতিরিক্ত বহিরঙ্গনের স্থান উন্নয়নের ক্ষেত্রে অগ্রগতি দেখে আমি আনন্দিত। একটি সুন্দর পার্ক কোনো কমিউনিটির জন্য কী করতে পারে আমরা তা দেখেছি; এটা এলাকার অধিবাসীদের বাইরে একত্রিত করে, শিশুদেরকে সত্যিকারের শিশু হওয়ার সুযোগ প্রদান করে, স্বাস্থ্য, কল্যাণ এবং

জীবনের ভারসাম্যের ক্ষেত্রে উন্নয়ন ঘটায়। জনসাধারণের ব্যাপক ব্যবহারযোগ্য স্থান হিসাবে পুনরুদ্ধারকৃত ভূমি পরিবেশগতভাবে উপযোগী এবং নগরীর জন্যও সহায়ক। শার্লি চিজম স্টেট পার্ক হিসাবে পার্কটির উপস্থাপনা ব্রুকলিনের জন্য উপহারস্বরূপ, কারণ শার্লি চিজম স্বাধীনতা ও অগ্রগতির প্রতিনিধিত্ব করতেন। এই পার্ক চালুর সঙ্গে জড়িত সবাইকে অভিনন্দন।"

**অ্যাসেম্বলি সদস্য ডায়ানা রিচার্ডসন বলেন,** "নারীদের নামে, বিশেষত অশ্বেতাঙ্গ নারীদের নামে উৎসর্গীকৃত কয়েকটি মাত্র পার্ক এবং স্মৃতিসৌধ রয়েছে। সে ইতিহাস সংশোধন করতে সহায়তা করার পাশাপাশি দক্ষিণ ব্রুকলিনে অত্যন্ত প্রয়োজনীয় বহিরঙ্গনের স্থান সৃষ্টির ক্ষেত্রে শার্লি চিজম স্টেট পার্ক অনেক অবদান রাখবে। আমি এই বরো এলাকার বঞ্চিত কমিউনিটিগুলোর প্রতি প্রতিশ্রুতির জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই।"

**পরিষদ সদস্য এরিক ডিলান বলেন,** "গভর্নর কুওমোর নেতৃত্বের কারণেই ব্রুকলিনের বঞ্চিত কমিউনিটিগুলো – এবং বিশেষ করে আমাদের শিশুরা – বহিরঙ্গন ভিত্তিক বিনোদনমূলক কর্মকাণ্ড এবং শিক্ষা অর্জনের অভূতপূর্ব সুযোগ পাবে। শার্লি চিজম তার নামে এই বরোতে ব্যাপক প্রভাব বিস্তারে সক্ষম কোনো প্রকল্প দেখতে পেলে গর্বিত হতেন।"

**পরিষদ সদস্য জেইমে উইলিয়ামস বলেন,** "আমাদের যুবাদের মধ্যে তাদের স্থানীয় সামুদ্রিক পরিবেশ সংরক্ষণ ও সেটার পরিচর্যা করার সক্ষমতা গড়ে তোলার গুরুত্ব এই যে তা জ্যামাইকা উপ-সাগর এবং পার্শ্ববর্তী উপকূলের জন্য শ্রদ্ধা ও ভালবাসা জাগিয়ে তুলবে ও লালন করবে। শার্লি চিজম পার্ক আমাদের কমিউনিটির ভিত্তি হিসাবে কাজ করবে এবং আমরা যে বিভিন্ন পরিবেশের অংশ সেগুলোর জন্য আমাদের যুবাদের ভালবাসা এবং উপলব্ধি সংহত করবে। কেবল 59 তম এডি'র (AD) একজন নির্বাচিত কর্মকর্তা হিসাবে নয়, বরং একজন অধিবাসী হিসেবে আমিও আমাদের ডিস্ট্রিক্টে এই অবিশ্বাস্য নতুন উজ্জ্বল রত্নের কারণে গভর্নরের প্রতি কৃতজ্ঞ।"

**পরিষদ সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেছেন,** "গুরুত্বপূর্ণ ব্রুকলিনের অধীনে কেন্দ্রীয় ব্রুকলিনের উল্লেখযোগ্য রূপান্তরগুলির মধ্যে শার্লি চিজম স্টেট পার্ক একটি মাত্র উদাহরণ। এসব কমিউনিটির সম্পদ উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়টিতে স্বীকৃতি দান এবং আমাদের সবার সাথে এতে কাজ করার জন্য গভর্নর কুওমো আপনাকে ধন্যবাদ। আমি নিশ্চিত যে, ব্রুকলিনের বৃহত্তম স্টেট পার্ক হিসাবে চিজম স্টেট পার্ক পূর্ব নিউইয়র্ক এবং ব্রুকলিনের কেন্দ্রস্থলের বাসিন্দাদের সবুজ স্থান সরবরাহ করে আমাদের পরিবেশের উপকার সাধন করবে ও পরিবারগুলিকে তাদের প্রাপ্য পার্কের স্থান প্রদান করবে।"

**পরিষদ সদস্য নিক পেরি বলেন,** "এটা ব্রুকলিনের জন্য একটি দুর্দান্ত দিন এবং যার সম্মানে এই পার্কের নামকরণ করা হবে ব্রুকলিনে এমন আর কোনো মহান ব্যক্তিত্ব নেই। ব্রুকলিনে দীর্ঘদিন ধরে এই মানের একটি পার্কের প্রয়োজন ছিল এবং পরিকল্পিত ব্যাপক সুযোগ-সুবিধার মাধ্যমে পার্ক প্রেমীরা অবশ্যই আমাদের বহিরঙ্গন ভিত্তিক বিনোদনমূলক আকর্ষণে এই দারুন সংযোজনের তারিফ ও তা উপভোগ করবে। পরবর্তী প্রজন্মগুলো এই গুরুত্বপূর্ণ ব্রুকলিন প্রকল্পের জন্য অঙ্গরাজ্যের অর্থায়নের ক্ষেত্রে গভর্নরের নেতৃত্বের ব্যাপক প্রশংসা করবে এবং তা উপভোগ করবে।"

**পরিষদ সদস্য হেলেন ওয়েইনস্টেইন বলেন,** "আমি শার্লি চিজম স্টেট পার্কের উদ্বোধন উদযাপনকালে গভর্নর অ্যান্ড্রু কুওমো এবং পার্ক সম্পর্কিত নিউইয়র্ক অঙ্গরাজ্যের বিভাগের (New York State Department of Parks) সঙ্গে যোগদান করছি। কংগ্রেস সদস্য চিজম সম্পর্কে জেনে আমি নিশ্চিতভাবে বলতে পারি যে, একান্তভাবে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ এবং এই মহান অঙ্গরাজ্যের চমকের উদ্দেশ্যে জমি উৎসর্গ করাটা বহু ক্ষেত্রের অগ্রদূত শার্লির মত কোনো গর্বিত নিউইয়র্ক এবং ব্রুকলিনবাসীর স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শনের একটি উপযুক্ত পন্থা। আমাদের পরিবেশের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা রয়েছে এমন এক সময় ব্রুকলিনের পরিবারগুলোর জন্য উন্মুক্ত বিনোদনমূলক স্থান সম্প্রসারণের অংশ হওয়াটা একটি বড় বিষয়।"

**পরিষদ সদস্য জোসেফ লেন্টল বলেন,** "আমি নিউইয়র্কের ব্রুকলিনের শার্লি চিজম স্টেট পার্কের উদ্বোধন অনুষ্ঠানে গভর্নরকে অভিনন্দন জানাচ্ছি। প্রত্যেক ব্রুকলিনবাসীর জন্য বিরাট সম্মান। নারী কংগ্রেস সদস্য চিজম ছিলেন ব্রুকলিনের শ্রেষ্ঠ নেতাদের একজন এবং এই পার্কের নামকরণের মাধ্যমে আমরা গর্বের সাথে তার প্রতি শ্রদ্ধা নিবেদন করছি। নারী কংগ্রেস সদস্য চিজম বুঝতে পেরেছিলেন যে, বিশ্রাম, চিন্তা, পুনরুদ্ধার এবং এই সুন্দর গ্রহে কিভাবে কারো চিহ্ন রেখে যাওয়া যায় সেটা উপলব্ধির জন্য প্রত্যেক ব্যক্তি স্থান প্রাপ্তির অধিকারী।"

**নিউইয়র্ক নগরীর DEP কমিশনার ভিনসেন্ট স্যাপিয়েঞ্জা বলেন,** "ব্রুক্লিনের বাসিন্দাদের জন্য সুন্দর উন্মুক্ত স্থান সরবরাহ করার পাশাপাশি পার্কের স্থান সংক্রান্ত প্রতিকার ও জ্যামাইকা উপ-সাগরের স্বাস্থ্যকর পরিবেশ সুরক্ষার জন্য নিউইয়র্ক সিটি 200 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। শার্লি চিজম সমতা ও সুযোগের জন্য লড়াই করেছেন এবং আমি তার অনুপ্রেরণীয় উত্তরাধিকারারের প্রতি শ্রদ্ধা জানাতে এই পার্কের জন্য হৃদয়গ্রাহী নতুন পরিকল্পনা প্রণয়নে আমাদের অঙ্গরাজ্য ও ফেডারেল অংশীদারদের সাথে কাজ করে গর্বিত হওয়ার সুযোগ পাইনি।"

**ফ্রেন্ডস অব শার্লি চিজম স্টেট পার্ক (Friends of Shirley Chisholm State Park) এর সভাপতি জেমস গার্সিয়া বলেন,** "পার্কটি আনুষ্ঠানিকভাবে শার্লি চিজম স্টেট পার্ক হিসাবে পরিবর্তিত হওয়ার আগে এই কমিউনিটির পুরুষ ও নারীরা জ্যামাইকা উপ-সাগরের কাছে বর্জ্য ফেলার স্থানে একটি স্টেট পার্ক নির্মাণের লক্ষ্যে নিউইয়র্ক এবং আশেপাশের কমিউনিটিগুলোর পক্ষে কথা বলার জন্য নাগরিক উপদেষ্টা কমিটি (Citizens Advisory Committee, CAC) নামের একটি গ্রুপ গঠন করেছিল। ত্রিশ বছরের বেশি সময় পার হয়ে গেছে এবং CAC-এর কয়েকজন পুরুষ ও নারীও চলে গেছেন। যারা বেঁচে রয়েছেন তাদের দৃঢ় সংকল্পই এই পার্ক বাস্তবায়ন সম্ভব করে তুলেছে। আমরা দাঁড়িয়ে রয়েছি নিউইয়র্ক সিটির বৃহত্তম স্টেট পার্কে!!!! এটা ন্যাশনাল পার্কস সার্ভিস (National Parks Service), নিউইয়র্ক সিটি, DEP, নিউইয়র্ক অঙ্গরাজ্য, কংগ্রেস সদস্য হাকিম জেফরিস এবং বিশেষভাবে গভর্নর কুওমোর সহায়তায় সম্ভব হয়েছে।"

**জ্যামাইকা বে-রকঅ্যাওয়ে পার্কস কনসার্ভ্যান্সি (Jamaica Bay-Rockaway Parks Conservancy) এর সভাপতি টম সিকুন্ডা বলেন,** "জ্যামাইকা উপ-সাগরের উন্মুক্ত পার্ক এলাকার পুনরুজ্জীবনে শার্লি চিজম স্টেট পার্কের উদ্বোধন একটি মাইলফলক হিসাবে চিহ্নিত হয়েছে। এই নতুন পার্ক বাসিন্দা এবং অভ্যাগতদের অতি প্রয়োজনীয় উন্মুক্ত স্থান সরবরাহ করবে, তবে আরও গুরুত্বপূর্ণ হল এক সময়ে সক্রিয় বর্জ্য ফেলার স্থান এবং কমিউনিটির ক্ষতির উৎসকে এমন স্থান হিসাবে চালু করছে

যেখানে জনসাধারণ এখন কয়েক মাইল হাঁটা, উপ-সাগর দেখা, বিনামূল্যে সাইকেল চালনা এবং পানি সন্নিহিত এলাকার (waterfront) আনন্দ উপভোগ করতে পারে। এ ধরনের কোনো প্রকল্প কেবল সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে এবং সরকারি ও জামাইকা বে-রকঅ্যাওয়ে পার্ক কনসার্ভ্যান্সির মত অলাভজনক প্রতিষ্ঠানের মাধ্যমেই বাস্তবায়ন করা সম্ভব, যা এটা নিশ্চিত করবে যে, আমাদের সর্বজনীন ভূমি ব্যবহারের জন্য উন্মুক্ত, আমাদের জল এলাকা প্রবেশ্য এবং জনসাধারণের চাহিদা মেটাতে ব্যাপক কর্মসূচি ও সুযোগ-সুবিধা প্রদান করা হয়। জ্যামাইকা বে-রকঅ্যাওয়ে পার্কস কনসার্ভ্যান্সির পক্ষ থেকে আমি এই সুন্দর নতুন পার্কের প্রতি অঙ্গীকার এবং জনসাধারণের কাছে এই স্থান উন্মুক্ত করার ক্ষেত্রে প্রারম্ভিক 20 মিলিয়ন ডলারের বিনিয়োগের জন্য গভর্নর অ্যান্ড্রু কুওমো এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যের প্রশংসা করি। শার্লি চিজম স্টেট পার্কের জন্য অব্যাহত বিনিয়োগ এবং সবার জন্য অতিরিক্ত কর্মসূচির লক্ষ্যে অঙ্গরাজ্য, নগর এবং ফেডারেল সরকারের সাথে কাজ চালিয়ে যাওয়ার অপেক্ষায় রয়েছি।"

**নিউইয়র্ক পোতাশ্রয়ের জাতীয় পার্ক (National Parks of New York Harbor) এর কমিশনার জোশুয়া লেয়ার্ড বলেন,** "ন্যাশনাল পার্ক সার্ভিস আরও ফেডারেল ভূমি জনসাধারণের উপভোগের জন্য উন্মুক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং গেটওয়ে ন্যাশনাল রিক্রেশন এরিয়াতে (Gateway National Recreation Area) শার্লি চিজম স্টেট পার্ক উদ্বোধনের মাধ্যমে সেটাই অর্জিত হয়েছে। অঙ্গরাজ্যে পার্কের প্রথম পর্যায়ের সম্পন্ন করার বিষয়টি সত্যিই উদযাপন করার মত। আমরা গভর্নর কুওমোর প্রতি তার দৃষ্টিভঙ্গির জন্য কৃতজ্ঞ এবং পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ সংক্রান্ত অঙ্গরাজ্যের দপ্তর (State Office of Parks, Recreation and Historic Preservation)-এ আমাদের নতুন প্রতিবেশীকে স্বাগত জানাই। আজকের উদ্বোধনের অর্থ হল ব্রুকলিনের অধিবাসী এবং সারা শহর ও দেশ থেকে আগত অভ্যাগতরা অবশেষে জ্যামাইকা উপ-সাগরের প্রাকৃতিক সৌন্দর্যে প্রসারিত নিউইয়র্ক পোতাশ্রয় উপভোগ করতে পারে।"

**গেটওয়ে ন্যাশনাল রিক্রেশন এরিয়ার সুপারিনটেনডেন্ট জেন নের্সেসিয়ান বলেন,** "চল্লিশ বছর আগে আশেপাশের লাখ লাখ বাসিন্দার জন্য একটি বর্জ্যের পাহাড়কে পরিষ্কার বহিরঙ্গনে অবগাহনের স্থানে রূপান্তরিত করার বিষয়টি সামনে চলে আসে। শার্লি চিজম স্টেট পার্ক বাস্তবায়ন করতে স্থানীয় কমিউনিটি নেতাদের ঐকান্তিকতার এবং অঙ্গরাজ্যের অসাধারণ অংশীদারিত্বের প্রয়োজন হয়। এই পার্ক এখন জনসাধারণের জন্য হাইকিং, সাইকেল চালনা, পিকনিক, দাঁড় বাওয়া (paddle), এবং কেবল বাইরে অবস্থান করাটা উপভোগ করার জন্য জামাইকা বে ওয়াইল্ডলাইফ রিফিউজ (Jamaica Bay Wildlife Refuge), ফ্লয়েড বেনেট ফিল্ড (Floyd Bennett Field), জ্যাকব রিস পার্ক (Jacob Riis Park) এবং ফোর্ট টিল্ডেন (Fort Tilden) এর মত গেটওয়ের অন্যান্য রত্নের ন্যায় সবুজ স্থানের সঙ্গে যুক্ত হল।"

**বাইক উইয়র্কের সভাপতি ও প্রধান নির্বাহী কেন পডিজবা বলেন,** "শার্লি চিজম স্টেট পার্কে নিউইয়র্কে প্রথমবারের মত বাইক লাইব্রেরি চালু করার ক্ষেত্রে নিউইয়র্ক স্টেট পার্কস এর অংশীদার হয়ে আমরা আনন্দিত। বিনামূল্যে সাইকেল ধার করে দুই চাকার উপর উপবিষ্ট হয়ে নিউইয়র্কবাসীরা এই পার্কের সৌন্দর্য এবং নির্মলতা উপভোগ করতে পারে - এবং তা অন্য কোনো সাইকেল নয়, বরং কেবল বর্জ্য থেকে উদ্ধার করা এবং পুনঃব্যবহারের জন্য রিসাইকেল-এ-বাইসাইকেল'স (Recycle-A-Bicycle's) এর কারিগর কর্তৃক নতুন করে সজ্জিত সাইকেলে চড়ে। আমরা গভর্নর

এই সাবেক বর্জ্য ফেলার স্থানকে বড়, সুন্দর, গাড়ি-মুক্ত পার্কে পরিণত করার জন্য কুওমো এবং তার দলকে ধন্যবাদ জানাই যা সত্যিই মহান শার্লি চিজমের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে।"

সমুদ্রতল থেকে 130 ফুট পর্যন্ত উচ্চে অবস্থিত নতুন এই পার্ক নগরীর কিছু সর্বোচ্চ স্থলভাগ দখল করে রয়েছে, যেখান থেকে উত্তর-পশ্চিমের এম্পায়ার স্টেট বিল্ডিংয়ের, ভেরাজানো-ন্যারোজ ব্রিজ ও পশ্চিমে নিউইয়র্ক হারবার, এবং দক্ষিণে জ্যামাইকা উপ-সাগরের দৃশ্য দেখা যায়।

1956 থেকে 1983 সাল পর্যন্ত নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব স্যানিটেশন (New York City Department of Sanitation) কর্তৃক পরিচালিত সাবেক পেনসিলভানিয়া ও ফাউন্টেইন এভিনিউ এর বর্জ্য ফেলার স্থানে অবস্থিত এই স্থান আগে কখনো জনসাধারণের জন্য উন্মুক্ত ছিল না। এসব বর্জ্য ফেলার স্থান বন্ধ করার পর নগর কর্তৃপক্ষ এই ভূমি গেটওয়ে ন্যাশনাল রিক্রেশন এরিয়ার অংশ হিসাবে ন্যাশনাল পার্ক সার্ভিসে হস্তান্তর করে। বর্জ্য ফেলার স্থানগুলো পুনরুদ্ধারের একটি প্রকল্পের মধ্যে ছিল সম্ভাব্য ভবিষ্যত পুনঃব্যবহারকে সহায়তা করার লক্ষ্যে অপ্রবেশ্য প্লাস্টিক ও কাদামাটির আবরণ এবং ভূমির-নিচে প্রতিবন্ধক স্থাপন।

প্রায় 1.2 মিলিয়ন ঘনগজের বেশি বা প্রায় 100,000 ডাম্প ট্রাক ভরার জন্য পর্যাপ্ত পরিষ্কার মাটি এই স্থান জুড়ে চার ফুট পর্যন্ত গভীর করে ছড়িয়ে দেয়া হয়, যেখানে পরে 35,000 টির গাছের বেশি বৃক্ষ ও গুল্ম রোপণ করা হয়। এছাড়া প্রেইরি ঘাস এবং দেশীয় গাছপালা যুক্ত করায় ক্ষয় রোধ হয় যা উপকূলীয় ঘাস, জলাভূমি এবং বনভূমির বৈচিত্র্যময় বাস্তুতন্ত্রকে উৎসাহিত করে বিভিন্ন রকম পাখি এবং অন্যান্য স্থানীয় বন্যপ্রাণীকে আকৃষ্ট করেছে।

জ্যামাইকা বে রকঅ্যাওয়ে পার্কস কনসারভ্যান্সি পার্ক তৈরির প্রাথমিক ধারণা পরিকল্পনায় অর্থায়ন করে। কয়েক দশক ধরে এই গ্রুপ নগর কর্তৃপক্ষকে এসব বর্জ্য ফেলার স্থান বন্ধ করে একটি পার্কে পরিণত করার জন্য চাপ প্রয়োগ করে আসছিল।

ন্যাশনাল পার্ক সার্ভিস এবং নিউইয়র্ক সিটির সাথে চুক্তি অনুযায়ী, ডিপার্টমেন্ট অব ইন্টেরিয়র (Department of the Interior), ন্যাশনাল পার্ক সার্ভিস (National Park Service) এবং DEP এর সহযোগিতায় নিউইয়র্ক স্টেট পার্কস শার্লি চিজম স্টেট পার্ক গড়ে তুলছে। এসব প্রতিষ্ঠান সাবেক বর্জ্য ফেলার স্থানগুলোর অবকাঠামো পরিচালনার কাজ অব্যাহত রাখবে।

2012 সালে ফ্র্যাংকলিন ডি. রুজভেল্ট ফোর ফ্রিডমস স্টেট পার্ক (Franklin D. Roosevelt Four Freedoms State Park) এর পর শার্লি চিজম স্টেট পার্ক হল নিউইয়র্ক সিটিতে গভর্নর কুওমো কর্তৃক উদ্বোধন করা দ্বিতীয় স্টেট পার্ক। শার্লি চিজম স্টেট পার্ক হল এই নগরীর আটটি স্টেট পার্কের একটি। স্টেট পার্কস কুইন্সে বেসওয়াটার পয়েন্ট স্টেট পার্ক (Bayswater Point State Park) ও গ্যান্ট্রি প্লাজা স্টেট পার্ক (Gantry Plaza State Park), ব্রুকলিনের ইস্ট রিভার স্টেট পার্ক (East River State Park), স্ট্যাটেন আইল্যান্ডের ক্লে পিট পন্ডস স্টেট পার্ক (Clay Pit Ponds State Park), ম্যানহাটানের ডেনি ফরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্ক (Denny Farrell Riverbank State Park) এবং ব্রোনক্সে রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক (Roberto Clemente State Park) পরিচালনা করে থাকে।

এছাড়াও অঙ্গরাজ্যের অন্যত্র গভর্নর 2015 সালে বাফালো হারবার স্টেট পার্ক (Buffalo Harbor State Park) এবং 2017 সালে লং আইল্যান্ডে হলকক স্টেট পার্ক প্রিজার্ভ (Hallock State Park Preserve) উদ্বোধন করেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন